

১. মমতাদির সঙ্গে কথা বলার জন্য ছটফট করছে কে?
২. 'কাজগুলিকে সে আপনার করে নিল' - এ চিত্রকল্পে মমতাদি চরিত্রের কোন দিকটি প্রকাশ পেয়েছে?
৩. 'রাঁধুনী' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত হয়েছে?
৪. মমতাদি কেন অনাবশ্যক জোর দিয়ে নিজেকে রাঁধুনী বলেছিলেন?
৫. বিক্রমপুর অঞ্চলটি কোন জেলায় অবস্থিত?
৬. শোবার ঘরকে অন্য ঘরের চেয়ে মান দেওয়া হয়েছে কেন?
৭. মমতাদি কত নম্বর বাড়িতে থাকে?
৮. মানিক বন্দ্যোপাধ্যায়ের আসল নাম কী?
৯. মর্যাদাসম্পন্ন ঘরের নারী হয়েও অন্যের বাড়িতে কাজ নিতে বের হওয়াকে 'মমতাদি' গল্পে কোন উপমা দ্বারা প্রকাশ করা হয়েছে?
১০. স্বামীর চাকরি হওয়ার পরও মমতাদি চাকরি ছেড়ে চলে গেল না কেন?
১১. জীবনময় লেনের নাম যমালয়ের পথ ভাবার কারণ কী?
১২. মানিক বন্দ্যোপাধ্যায়ের 'সরীসৃপ' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?
১৩. 'বামুনদি' শব্দের পরিপূর্ণ রূপ কী?
১৪. 'সীমান্ত' শব্দটি 'মমতাদি' গল্পে কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
১৫. মমতাদিকে দেখে কে নিজেদের বাড়ির একজন মনে করে?

বারো বছরের মাতৃহীন মিনা বাবাকে সহযোগিতা করার জন্য একটি বাসায় গৃহকর্মীর কাজ নেয়। গৃহকর্মী তার ছোট মেয়েটিকে শেখালেন মিনাকে 'মিনা ফুফু' বলে ডাকতে। গৃহকর্মীর স্নেহের মিনা যেন তার মা'কেই ফিরে পেল। মিনার বাবা একদিন তাকে নিতে এল মিনা কান্না জুড়ে দিল এবং (৭) বলল, এই বাড়ি ছাইড়া আমি কোনোখানে যামু না।

ক. মানিক বন্দ্যোপাধ্যায়ের আসল নাম কী?

খ. 'বেশি আঙ্কারা দিও না, জ্বালিয়ে মারবে।' - মা কাকে, কেন এ কথা বললেন?

গ. উদ্দপকের গৃহকর্মী কি 'মমতাদি' গল্পের চরিত্রের প্রতিচ্ছবি? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকের গৃহকর্মী কি 'মমতাদি' গল্পের লেখকের মায়ের প্রতিনিধিত্ব করে? তোমার যৌক্তিক মতামত দাও।